



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ডাকবাংলা নং ৩২৫  
ঢাকা  
বাংলাদেশ

www.bangladesh-bank.org.bd

কৃষি ঋণ বিভাগ  
(পলিসি শাখা)

এসিডি সার্কুলার নং : ১৫

২৪ ভাদ্র, ১৪১৬

তারিখঃ-----

০৮ সেপ্টেম্বর, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশ কৃষি ব্যাংক, সোনালী ব্যাংক লিঃ, জনতা ব্যাংক লিঃ  
অগ্রণী ব্যাংক লিঃ ও রূপালী ব্যাংক লিঃ

প্রিয় মহোদয়,

লবণ চাষের জন্য চাষীদের রেয়াতি (৪%) হার সুদে কৃষি ঋণ প্রদান প্রসঙ্গে।

২১/০৭/২০১০ তারিখে এসিডি সার্কুলার নং-১৪ এর মাধ্যমে জারীকৃত ২০১০-২০১১ অর্থবছরের কৃষি/পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচী-এর অনূচ্ছেদ নং ৬.১২.২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশের সমুদ্র উপকূলীয় এলাকায় লবণ চাষের জন্য ক্ষুদ্র, প্রান্তিক ও বর্গা চাষীদেরকে রেয়াতি (৪%) হার সুদে কৃষি ঋণ প্রদানের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছেঃ

- ক) এরিয়া এপ্রোচ ভিত্তিতে সমুদ্র উপকূলীয় যে সকল এলাকায় লবণ চাষ হয়ে থাকে সে সকল এলাকায় লবণ চাষ মৌসুমে (সাধারণভাবে ডিসেম্বর মাস থেকে পরবর্তী বছরের মে মাস পর্যন্ত) লবণ চাষের জন্য উপরোক্ত রেয়াতি হারে সুবিধা প্রযোজ্য হবে;
- খ) প্রকৃত লবণ চাষীদেরকে জনপ্রতি ০.৫ বিঘা হতে ২.৫ একর পর্যন্ত এলাকায় লবণ চাষের জন্য একক/প্রুপ ভিত্তিতে উপরোক্ত ঋণ সুবিধা প্রযোজ্য হবে;
- গ) যে সব লবণ চাষি জমির মালিকানা রয়েছে তাদের মালিকানার সপক্ষে দাখিলকৃত দলিলপত্রাদি এবং প্রাথমিক জামানত হিসাবে উৎপাদিতব্য লবণ হাইপোথিকেশান-এর বিপরীতে উপরোক্ত ঋণ সুবিধা প্রদান করা যেতে পারে। বর্গাচাষীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জমির মালিক/স্থানীয় গণ্যমান্য ব্যক্তির প্রত্যয়নপত্র নিতে হবে;
- ঘ) জমির ভাড়া, পলিথিন ক্রয়, বাঁধ নির্মাণ ইত্যাদি ব্যয় বিবেচনায় নিয়ে বাস্তব সম্মতভাবে সংশ্লিষ্ট ব্যাংকগুলো একর প্রতি লবণ চাষের জন্য ঋণের পরিমাণ নির্ধারণ করবে। যে সকল লবণ চাষির নিজস্ব জমি রয়েছে তাদের ঋণের পরিমাণ নির্ধারণের জন্য জমির ভাড়া বাদ দিতে হবে;
- ঙ) নির্ধারিত মেয়াদ শেষে কোনো ঋণ সম্পূর্ণ/আংশিক অনাদায়ী থাকলে তার ওপর রেয়াতি সুদহার প্রযোজ্য হবে না এবং এ ক্ষেত্রে ব্যাংকের নির্ধারিত স্বাভাবিক সুদহার ঋণ বিতরণের তারিখ হতে প্রযোজ্য হবে;
- চ) ব্যাংকসমূহ রেয়াতি সুদে বিতরণকৃত ঋণের আদায়কৃত/সমন্বয়কৃত ঋণ হিসাবসমূহের বিপরীতে সংশ্লিষ্ট বছর সমাপ্তির ০১ (এক) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট ৬% হারে সুদ ক্ষতিপূরণের আবেদন পেশ করবে; বাংলাদেশ ব্যাংকে দাখিলকৃত দাবীসমূহের ন্যূনতম ১০% ঋণ নথি সরেজমিনে যাচাই এর ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক তার নিজস্ব হিসাব হতে ব্যাংকসমূহের সুদ ক্ষতির অর্থ পরিশোধের ব্যবস্থা করে অর্থ মন্ত্রণালয়ের মাধ্যমে তা পুনর্ভরণের ব্যবস্থা করবে।
- ছ) উপরোক্ত রেয়াতি সুদ হারে লবণ চাষের ঋণ কার্যক্রম সংক্রান্ত অপরাপর বিষয়ে ২০১০-২০১১ অর্থবছরের কৃষি/পল্লী ঋণ নীতিমালা (এসিডি সার্কুলার নং-১৪ তারিখ: ১০/১০/২০০৬) এবং এসিএসপিডি সার্কুলার নং-৩, তারিখ: ১০/১০/২০০৬ এর বিধি বিধান অনুসৃত হবে।
- জ) উপরোক্ত নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(এস,এম, মনিরুজ্জামান)

মহাব্যবস্থাপক

ফোন ৭১২০৯৪৭